

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর
১, কাওরান বাজার, টিসিবি ভবন (৭ম তলা), ঢাকা।
www.roc.gov.bd

স্মারক নং- রেজসকো/
নিয়ন্ত্রক
বাংলাদেশ সরকারী প্রেস
বাংলাদেশ ফর্মস এন্ড পাবলিকেশন অফিস
তেজগাঁও, ঢাকা।

তারিখঃ ০৩/০৪/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ আলীগড় ওল্ড বয়েজ এসোসিয়েশন অব বাংলাদেশ এর রেজিস্ট্রেশন বাতিলাদেশ প্রত্যাহার ও রিকল এর আদেশ মুদ্রণ
খরচ পরিশোধ সাপেক্ষে গেজেটে প্রকাশের অনুরোধ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

নিম্ন স্বাক্ষরকারীর প্রদত্ত ০৩/০৪/২০১৮ তারিখের নিম্নবর্ণিত আদেশ সাধারণ অবগতির জন্য গেজেটে প্রকাশের অনুরোধ জানাচ্ছি
এবং মুদ্রণ ব্যয় পরিশোধের অঙ্গীকার করছি।

আদেশ

চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ে সোসাইটিজ রেজিস্ট্রেশন অ্যাক্ট ১৮৬০ এর বিধান মতে নিবন্ধিত আলীগড় ওল্ড বয়েজ এসোসিয়েশন
অব বাংলাদেশ (রেজিঃ নং- সি এইচ এস ১২১) এর রেজিস্ট্রেশন বিগত ২৯/১২/২০০৩ তারিখে চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের
তৎকালীন সহকারী রেজিস্ট্রার জনাব এম. এ. মান্নান কোম্পানী আইন ১৯৯৪ এর ২৮(৪) ধারার বিধানের বরাত দিয়ে বাতিল
করেন যা বে-আইনী বলে প্রতীয়মান হয়। কেননা এরূপ বিধান শুধুমাত্র কোম্পানী আইনের ২৮ ধারার আওতায় সরকার কর্তৃক
লাইসেন্স প্রাপ্তির পর ‘লিমিটেড’ শব্দটি সংযুক্তকরন ব্যতিরেকে নিবন্ধিত কোন কোম্পানীর ক্ষেত্রে প্রযোজ্য। সোসাইটিজ
রেজিস্ট্রেশন অ্যাক্ট ১৮৬০ এ কোন নিবন্ধিত সোসাইটির রেজিস্ট্রেশন বাতিল করার বিধান নেই।

উপরোক্ত অবস্থায় সোসাইটিজ রেজিস্ট্রেশন অ্যাক্ট ১৮৬০ মোতাবেক নিবন্ধিত “আলীগড় ওল্ড বয়েজ এসোসিয়েশন অব
বাংলাদেশ” এর রেজিস্ট্রেশন বাতিল করে প্রদত্ত চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের তৎকালীন সহকারী রেজিস্ট্রার জনাব এম. এ.
মান্নানের ২৯/১২/২০০৩ তারিখের আদেশ যার স্মারক নং রেজসকো/২০০৩/চট্ট/৬৮ এতদ্বারা বাতিল ও রিকল করা হলো। উক্ত
সোসাইটির রেজিস্ট্রেশন ইহার মূল নম্বরও নথিতে পুনরুজ্জীবিত হলো।

স্বাঃ

(মোঃ সিরাজ উদ্দিন)
সহকারী নিবন্ধক
নিবন্ধকের পক্ষে

উপনিয়ন্ত্রক
বাংলাদেশ সরকারী প্রেস
বাংলাদেশ ফর্মস এন্ড পাবলিকেশন অফিস
গেজেটে প্রকাশের জন্য
তেজগাঁও, ঢাকা।

নং-রেজসকো/ ২০৪৫ (৩)

তারিখঃ ০৩/০৪/২০১৮ খ্রিঃ

অনুলিপি(সদয় অবগতির জন্য)

- ১। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। জনাব এ.কে.এম বদরুদ্দোজা
এ্যাডভোকেট, প্যানেল আইনজীবী (আরজেএসসি)।
- ৩। আইটি শাখা, আরজেএসসি, ঢাকা(ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

(মোঃ সিরাজ উদ্দিন)
সহকারী নিবন্ধক
নিবন্ধকের পক্ষে